

ডিগ্রী (পাস) ১ম বর্ষের (প্রথম পত্র)
ব্যষ্টিক অর্থনীতি
প্রথম অধ্যায়: অর্থনীতির সংজ্ঞা ও বিষয়বস্তু

অতি সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর

১। অর্থনীতি কী?

উত্তর: যে বিষয়টিতে মানুষের অর্থনৈতিক কার্যকলাপ আলোচনা করা হয় তাই হলো অর্থনীতি।

২। সম্পদ কী?

উত্তর: যে সকল বস্তুগত ও অবস্তুগত দ্রব্য ও সেবার উপযোগ, হস্তান্তর যোগ্যতা, সীমাবদ্ধতা এবং বাহ্যিকতা রয়েছে তাদেরকে অর্থনীতিতে সম্পদ বলে।

৩। দ্রব্য কাকে বলে?

উত্তর: যার অভাব পূরণের ক্ষমতা রয়েছে তাকে দ্রব্য বলে।

৪। পণ্য কাকে বলে?

উত্তর: যে দ্রব্য বাজারে ক্রয় বিক্রয় হয় তাকে পণ্য বলে।

৫। অভাব কী?

উত্তর: জীবন ধারণের জন্য প্রয়োজন আছে অথচ হাতের কাছে নেই এমন দ্রব্য ও সেবা পাওয়ার আকাঙ্ক্ষাকে অভাব বলে।

৬। অর্থনীতি সম্পর্কে L. Robbins এর সংজ্ঞা কী?

উত্তর: অর্থনীতি হলো এমন একটি বিজ্ঞান যা অসীম অভাব এবং বিকল্প ব্যবহারযোগ্য সীমাবদ্ধ সম্পদের মধ্যে সম্পর্ক স্থাপনের ক্ষেত্রে মানব আচরণ নিয়ে আলোচনা করে।

৭। ব্যষ্টিক অর্থনীতি কাকে বলে?

উত্তর: অর্থনীতির অংশ বা বিভিন্ন অংশ আলাদা করে যে ক্ষেত্রে আলোচনা করা হয় তাকে ব্যষ্টিক অর্থনীতি বলে।

৮। সামষ্টিক অর্থনীতি কাকে বলে?

উত্তর: অর্থনীতির সামগ্রিক দিক নিয়ে যে অংশে আলোচনা করা হয় তাকে সামষ্টিক অর্থনীতি বলে।

৯। দুস্প্রাপ্যতা (Scarcity) কাকে বলে?

উত্তর: সম্পদের স্বল্পতাকে দুস্প্রাপ্যতা বলা হয়।

১০। মিশ্র অর্থব্যবস্থা (Mixed Economy) কী?

উত্তর: সম্পদের ওপর ব্যক্তি ও রাষ্ট্রীয় মালিকানা স্বীকৃত অর্থব্যবস্থা।

১১। উৎপাদন সম্ভাবনা রেখা (Production possibility curve) কী?

উত্তর: উৎপাদন সম্ভাবনা রেখা হচ্ছে দু'টো দ্রব্যের সমন্বয়ে কতগুলো বিন্দু নিয়ে গঠিত এমন একটি রেখা, যার প্রত্যেক বিন্দুতে সীমাবদ্ধ স্থির উপাদানের সাহায্যে উৎপাদক দ্রব্যগুলোর ভিন্ন ভিন্ন সংমিশ্রণ উৎপাদন করতে পারে।

১২। অর্থনৈতিক ব্যবস্থা (Economic System) কী?

উত্তর: কোনো দেশের অর্থনৈতিক কার্যাবলীকে কেন্দ্র করে যে প্রাতিষ্ঠানিক ও আইনগত কাঠামো গড়ে উঠে তাকে অর্থনৈতিক ব্যবস্থা বলা হয়।

১৩। Laissez faire কী?

উত্তর: দ্রব্য ক্রয়-বিক্রয়ে সরকারি হস্তক্ষেপ না থাকাকে Laissez faire বলা হয়।

১৪। অদৃশ্য হস্ত (Invisible hand) ধারণাটি কে দিয়েছেন?

উত্তর: অদৃশ্য হস্ত ধারণাটি দিয়েছেন এডাম স্মিথ (Adam Smith)।

১৫। অদৃশ্য হস্ত (Invisible hand) কী?

উত্তর: মানুষের সকল অর্থনৈতিক কার্যকলাপ বাজারের মাধ্যমে নিষ্পত্তি হয় বিধায় বাজারের এ বিস্ময়কর কর্মকাণ্ডকে এডাম স্মিথ অদৃশ্য হস্ত হিসাবে অভিহিত করেন।

১৬। মূল্য (Value) কী?

উত্তর: পণ্যের উপযোগকে কিংবা একটির পরিবর্তে অন্য পণ্য পাওয়া গেলে তাকে মূল্য বলা হয়।

১৭। দাম (Price) কী?

উত্তর: পণ্য ও সেবার বিনিময় অর্থের মাপকাঠিতে প্রকাশ করলে তাকে দাম বলে।

১৮। বাজার অর্থনীতি (Market Economy) কাকে বলে?

উত্তর: ক্রেতা বিক্রেতার পারস্পারিক বিনিময় সম্পর্কের ওপর প্রতিষ্ঠিত অর্থনীতিকে বাজার অর্থনীতি বলে।

১৯। অর্থনীতির জনক কে?

উত্তর: অর্থনীতির জনক Adam Smith.

২০। আধুনিক অর্থনীতির জনকের নাম কী?

উত্তর: আধুনিক অর্থনীতির জনকের নাম অর্থনীতিবিদ P. A. Samuelson.